যুগান্তর

তারিখ 13 0 MAR 2004
পৃষ্ঠা ২০ কলাম ৭

# এসএসসি পরীক্ষা : সম্পূর্ণ বদলে গেছে ফেনীর দৃশ্যপট

শাহজালাল রতন, *ফেনী থেকে*

দৃশ্যপট বদলে গেছে। বদলে গেছে ফেনীর এসএসসি পরীক্ষা কেন্দ্রের পরিবেশ ও পরিস্থিতি। গতকাল শনিবার ফেনীর বিভিন্ন কেন্দ্রের চিরাচরিত পরীক্ষার পরিবেশ ছিল না। ছিল না হৈচৈ অথবা অভিভাবকদের নকল দেয়ার দৌড়ঝাঁপ। তার বদলে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে দেখা গেছে নিথর সত্যিকার প্রতিযোগীর পরিবেশ। নকলবিহীন পরীক্ষা।

সরকারের কঠোর নির্দেশ, পুলিশ প্রশাসনের একাগ্রতা, প্রশাসনের নিয়মনীতি এবার ফেনীর পরীক্ষা পরিস্থিতির আমূল পরিবর্তন করে দিয়েছে। বৃহস্পতিবারের পর গতকাল শনিবার ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষায় কড়াকড়ির সুফল আরও বেশি কার্যকর হয়।

বেলা ১১টায় ফেনী শহরের সরকারি বালিকা বিদ্যালয় কেন্দ্রে দেখা হয় ভ্রাম্যমাণ আদালতের ম্যাজিস্ট্রেট শওকত শাহীনের সঙ্গে। কয়েকটি কক্ষে প্রবেশ করে তিনি কয়েকজন পরীক্ষার্থীর শরীর ও খাতাপত্র পরীক্ষা করেন। পরে বাথরুমসহ সম্ভাব্য কয়েকটি স্থানে বইপত্র রয়েছে কিনা তাও দেখেন। তিনি যুগান্তরকে, জানান, বৃহস্পতিবারের কঠোরতার পর গতকাল পরীক্ষার্থীরা নিজেরাই সচেতন হয়ে উঠেছে। তিনি স্বীকার করেন, নকল নিয়ন্ত্রণের কারণে এ পর্যন্ত বহিষ্কারের সংখ্যা নিতান্তই কম। যারা ভাল করছে না তারা নকলের চেষ্টা না করে হলত্যাগ করছে। একটি সুষ্ঠু ধারা ফিরে আসতে শুরু করেছে।